গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khdc.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা কার্যলয়ের আওতাধীন নিম্নবর্ণিত বিদ্যমান ০২(দুই)টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	আবেদনকারীর যোগ্যতা
০১	ডাটা এন্ট্রি অপারেটর	০১(এক)টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে অন্যুন দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি/সার্টিফিকেট কোর্স সম্পন্ন। গ) কম্পিউটার অপারেটিং এ এ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ।
০২	অফিস সহায়ক কাম নিরাপত্তা প্রহরী	০১(এক)টি	৮২০০-২০০১০/- গ্রেড-২০	ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;

০১। আবেদনকারীকে চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, বরাবর দরখাস্তের নমুনা ছক মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত ছকে আবেদনপত্র ও প্রয়োজনীয় বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত পূর্বক আগামী ২৯ ডিসেম্বর, ২০২৫ তারিখ সোমবার অফিস চলাকালীন সময় বিকাল ৫.০০টার মধ্যে জেলা সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। আবেদনপত্রের নমুনা ছক A4 সাইজের অফসেট কাগজে তথ্যাবলী পূরণ পূর্বক দাখিল করতে হবে। আবেদনপত্রের ছক ও প্রবেশপত্রের নমুনা ছক খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এবং জেলা সরকারি গণগ্রন্থাগার,খাগড়াছড়ি পার্বত্য জেলা এর নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে। এছাড়া খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে (www.khdc.gov.bd) এবং এবং জেলা সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলার ওয়েবসাইটে (www.publiclibrary. khagrachhari.gov.bd) পাওয়া যাবে।

০৩। প্রার্থীর বয়স ২৯/১২/২০২৫খ্রি.তারিখে ১৮ হতে ৩২ বছর হতে হবে।

০৪। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স প্রমানিত হবে।

ক) খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ (সত্যায়িত)।

খ) জাতীয় পরিচয়পত্র এনআইডি কার্ড/স্মার্ট এনআইডি কার্ড (সত্যায়িত)।

গ) আবেদনপত্রের সাথে ০১(এক) কপিএবং প্রবেশপত্রের সাথে ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত) আঠা/গাম দিয়ে লাগাতে হবে।

ঘ) বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত বিধি-বিধান অনুসরণে যথাযথ কর্তৃপক্ষের সনদ দাখিল করতে হবে (সত্যায়িত)।

ঙ) শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের উপর্যুক্ত কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদ (সত্যায়িত)।

চ) সরকারি পরিপত্র অনুসারে আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ০১নং ক্রমিকের জন্য ১০০/-(একশত) টাকা এবং ০২নং ক্রমিকের জন্য ৫০/-(পঞ্চাশ)টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এর নামীয় সোনালী ব্যাংক, খাগড়াছড়ি শাখার চলতি হিসাব নং-৫৪১২২০০০২৫২২৬ -এ জমা দিয়ে জমা স্লীপের মুল কপি সংযুক্ত করতে হবে।

০৫। সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিসনদ(এনওসি) এর মূল কপি জমা দিতে হবে।

০৬। অসম্পূর্ণ, স্বাক্ষরবিহীন ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি ভুয়া বলে প্রতিয়মান হলে নিয়োগের যে কোন পর্যায়ে আবেদনপত্র/নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

০৯। লিখিত/ব্যবহারিক (ক্ষেত্রমত) পরীক্ষার স্থান, তারিখ ও সময় ওয়েবসাইটে (www.khdc.gov.bd)/(www.publiclibrary. khagrachhari.gov.bd) এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও জেলা সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর নোটিশ বোর্ড এ প্রকাশ করা হবে।

১০। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সনদপত্রের মূল কপি অবশ্যই উপস্থাপন করতে হবে।

১১। লিখিত/ব্যবহারিক (ক্ষেত্রমত) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকারটিএ/ডিএ প্রদান করা হবে না।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

www.khdc.gov.bd

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থিত পদে নিয়োগ প্রদানে বাধ্য নহেন।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার/নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে আবেদকারীর পুরো নাম ও ঠিকানা লিখতে হবে।

১৫। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অবশ্যই প্রবেশপত্র (মূলকপি) সঙ্গে আনতে হবে।

১৬। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধানশর্ত হিসেবে বিবেচিত হবে।

১৭। একজন আবেদনকারী একাধিক পদে আবেদনের জন্য বিবেচিত হবেন না।

১৮। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

স্বাঃ-

(শেফালিকা ত্রিপুরা)

চেয়ারম্যান (অস্থায়ী)

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

স্মারকনং-২৯.৩৬.৪৬০০.১০৩.০০১.১১.০০০১.২৫.২২৫৬

তারিখ ঃ ১২ অগ্রহায়ন, ১৪৩২ / ২৭ নভেম্বর, ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নহে)ঃ

১। মাননীয় উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় উপদেষ্টা,পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৪। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রনালয়/পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ,বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) গণ গ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।

৭। জেলা প্রশাসক,খাগড়াছড়িপার্বত্য জেলা।

৮। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

৯। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক, বিভাগীয় সরকারি গণ গ্রন্থাগার, চট্টগ্রাম।

১০। লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা। (বিজ্ঞপ্তিটি জেলা কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

১১। জনাব.....সদস্য, বাছাই ও নিয়োগকমিটি।

১২। সম্পাদক/জেলাপ্রতিনিধি,...../দি...../দৈনিক ....., আগামী ০৩ (তিন) দিনেরমধ্যে বিজ্ঞপ্তিটি ১২ ফ্রন্টে পত্রিকার সকল সংস্করণে ছাপিয়ে কমপক্ষে ০৫(পাঁচ) কপি পত্রিকা'সহ বিল দাখিলের জন্য অনুরোধ হলো।

১৩। আইটি অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ-কে বিজ্ঞপ্তিটি (চাকরির আবেদন ফরম ও প্রবেশপত্র ফরম) এ পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৪। অফিস কপি/নোটিশ বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।

(শেফালিকা ত্রিপুরা)

চেয়ারম্যান (অস্থায়ী)

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।